

সাপোর্ট বাবল কী?

সেপ্টেম্বর ২০২০ এ হালনাগাদ করা হয়েছে

একটি সাপোর্ট বাবল হল যখন একজন ব্যক্তি একাকী বসবাস করেন (যাকে একক বা সিঙ্গেল একটি বাসাবাড়ী বলা হয়) তিনি যদি তার সাথে বসবাস করেন না এমন অন্য আরেকটি বাসার লোকজনের সাথে দেখা সাক্ষাৎ ও নিবিড় যোগাযোগ রক্ষা করার জন্য তাদের সাথে মিলে একটি দল তৈরি করেন তাহলে তখন এটি একটি সাপোর্ট বাবল হয়ে উঠে। একক বা সিঙ্গেল বাসাবাড়ির আওতার মধ্যে হতে পারেঃ

- প্রাপ্তবয়স্ক একজন ব্যক্তি যিনি একাকী বসবাস করেন কিন্তু তাকে দেখতে বা সাহায্য করতে তার বাসাতে কেয়ারাররা আসেন, উদাহরণস্বরূপ তাদের যদি ডিমেনশিয়া থাকে। এই কেয়ারাররা পরিবারের সদস্য, বন্ধুবান্ধব বা পয়সা নিয়ে পরিচর্যা প্রদানকারী কেয়ারার হতে পারেন।
- একজন প্রাপ্ত বয়স্ক ব্যক্তি যিনি একাকী বসবাস করেন কিন্তু তার সাথে তার সন্তানরা বসবাস করেন।

বাসাবাড়িরা শুধুমাত্র একটি মাত্র সাপোর্ট বাবলের মধ্যে থাকতে পারবে।

আপনার বাসার কাছাকাছি অন্য আরেকটি বাসার সাথে সাপোর্ট বাবল গড়ে তোলা সবচেয়ে ভালো।

আপনি যে বাসার সাথে একটি সাপোর্ট বাবল গড়ে তুলেছেন সেটি আগামী ১৪ই সেপ্টেম্বর ২০২০ তারিখের পর আর পরিবর্তন করতে পারবেন না। আপনি এখনও আপনার সাপোর্ট বাবলের সাথে দেখা করতে পারবেন এমনকি আপনার সাপোর্ট বাবলের মধ্যে ৬ জনের বেশী মানুষ থাকলেও। সাপোর্ট বাবলের ব্যাপারে সরকারের সর্বশেষ নির্দেশনাটি [এখানে](#) পাওয়া যাবে।

ভিন্ন ভিন্ন বাসার লোকজন নিয়ে গঠিত সর্বোচ্চ ৬ জনের একটি গ্রুপের সাথে আপনি এখনও বাইরে দেখা করা চালিয়ে যেতে পারবেন।

এছাড়া আপনি ২টি বাসার লোকজন মিলে একটি গ্রুপের লোকজনের সাথে যে কোন স্থানে দেখা করতে পারবেন- সেটি পাবলিক বা প্রাইভেট, ইনডোর বা আউটডোর যেখানেই হোক না কেন। প্রত্যেক সময় এটি একই বাসা বাড়ির লোক হতে হবে এমন কোন কথা নেই। আপনার সাপোর্ট বাবলের অন্তর্ভুক্ত যে কোন ব্যক্তিকে একটি বাসার লোক হিসাবে ধরা হবে।